অবিলম্বে প্রকাশের জন্য: 1/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নতুন আবিষ্কার সম্ভব করতে এবং ভালো বেতনের চাকরি তৈরি করতে প্রস্তাবনা প্রকাশ করলেন

কোয়ান্টাম টেকনোলজি, বায়োটেকনোজলি, সেমিকন্ডাক্টর চিপ ডিজাইন এবং আধুনিক ম্যানুফ্যাকচারিংয়ের মাধ্যমে নতুন আবিষ্কার ও অর্থনৈতিক বিকাশ চালনা করা হবে

Empire AI Beta শুরু করা হবে এবং SUNY Binghamton-এ প্রথম ইন্ডিপেন্ডেন্ট AI রিসার্চ সেন্টার তৈরি করা হবে

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ডকে উন্নত করা হবে

নাচের ক্ষেত্রে পুরোনো সীমাবদ্ধতা দূর করে, Alcoholic Beverage Control Law আধুনিক করে এবং পুরো গাঁজা সাপ্লাই চেইনে সমতায় বিনিয়োগ করে পুরো স্টেটের ব্যবসাগুলির উন্নয়ন করা হবে

স্টুডেন্টদের কর্মক্ষেত্রের জন্য প্রস্তুত করা হবে, এবং SUNY ও CUNY-কে বেশি চাহিদাসম্পন্ন চাকরির সাথে সংযুক্ত করা হবে

গভর্নর Hochul (হোকল) আজকে তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে নতুন আবিষ্কার সম্ভব করে এবং ভালো বেতনের চাকরি তৈরি করে নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) জন্য আরো উজ্জ্বল একটি ভবিষ্যৎ গঠন করতে নতুন প্রস্তাবনা প্রকাশ করেছেন। দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর চাকর তৈরি, কমিউনিটির বিকাশ এবং অর্থনৈতিক পুনর্জীবনকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে অর্থনৈতিক বিকাশের একটি নতুন যুগে প্রবেশ করেছেন। নতুন ধরণের নতুন টেকনোলজিতে বিনিয়োগ করা থেকে শুরু করে ছোট ব্যবসাকে সমর্থন করা পর্যন্ত, এই অগ্রগামী চিন্তার কৌশল একটি স্থিতিশীল এবং ইনক্লুসিভ অর্থনীতিকে আকার দিচ্ছে যা বর্তমানে, এবং আগামী জেনারেশনগুলির জন্য আমাদেরকে আন্তর্জাতিক পর্যায়ে টেকনোলজির উন্নয়নে প্রতিযোগিতা করতে দিচ্ছে। গভর্নরের স্টেট অফ দ্য স্টেটে নিউ ইয়র্কের প্রাণবন্ত অর্থনীতিকে জোরদার করা, চাকরি ঘরে ফিরিয়ে আনা, কমিউনিটির পুনর্জীবন, স্টুডেন্টদের বেশি চাহিদাসম্পন্ন চাকরির সাথে সংযুক্ত করে দেওয়া, এবং নিউ ইয়র্ককে নতুন আবিষ্কারের কেন্দ্রে স্থাপন করার জন্য প্রস্তাবনা আছে।

"নিউ ইয়র্ক প্রমাণ করছে যে তাদের ভবিষ্যৎ যেকোনো সময়ের থেকে বেশি উজ্জ্বল, এবং আমাদের মানুষের স্থিতিশীলতা এবং আমাদের বুদ্ধিমান, টার্গেটেড কমিউনিটি বিনিয়োগের কারণে নিউ ইয়র্ক শুধু সেরে উঠছে না, এটি উন্নতি করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ভালো বেতনের চাকরি, টেকনোলজিক্যাল নতুন আবিষ্কারকে জোরদার করা, ব্যবসার ক্ষেত্রে সীমাবদ্ধতা দূর করা, বা স্থানীয়দের বিকাশের জন্য তহবিল দেওয়া, এই সব ক্ষেত্রেই আমি পুরো স্টেটে নিউ ইয়র্ক আশির জন্য সুযোগ বাড়াতে অনেক বেশি মনোযোগ দিয়েছি। আমি থামবো না, কারণ আমার ভবিষ্যতই আমার লড়াই।"

একটি ডাউনস্টেট সেমিকন্ডাক্টর চিপ ডিজাইন সেন্টারের মাধ্যমে পুরো NYS-কে চিপস কান্ট্রি বানানো
নিউ ইয়র্ক সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে দেশের শীর্ষে আছে, এটি 21 শতকের অর্থনীতির সবথেকে আধুনিক এবং অতি গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিগুলির একটি। সেমিকন্ডাক্টর স্মার্টফোন থেকে শুরু করে স্যাটেলাইট পর্যন্ত সবকিছুর পাওয়ার দেয়, এবং এই খাতটি এই দশক শেষ হওয়ার আগে সারা বিশ্বে 1 ট্রিলিয়ন রেভিনিউ তৈরি করতে যাচ্ছে। নিউ ইয়র্ক একটি সমৃদ্ধ ডোমেস্টিক সেমিকন্ডাক্টর ইকোসিস্টেম তৈরি করতে যাচ্ছে, যা আরো বড় প্রতিষ্ঠিত ফার্মের জন্য বিশ্বমানের গবেষণা ও বিকাশকে (R&D) সমর্থন করবে, তাই প্রাথমিক পর্যায়ের চিপ ডিজাইন করার যন্ত্রের অ্যাক্সেস নাও থাকতে পারে এমন উঠতি স্টার্টআপের সাহায্যে প্রাথমিক পর্যায়ের সেমিকন্ডাক্টর চিপ R&D বড় করার সুযোগ আছে।

শক্তিশালী চিপ আবিষ্কারের পাইপলাইন দিয়ে স্টেটে বিনিয়োগ করতে আগ্রহী সেমিকন্ডাক্টর নির্মাতাদের আকৃষ্ট করার জন্য এবং এই খাতে প্রতিযোগিতা করতে আগ্রহী স্টার্টআপগুলিকে সমর্থন করার জন্য, গভর্নর Hochul (হোকল) একটি ডাউনস্টেটের সেমিকন্ডাক্টর চিপ ডিজাইন সেন্টার (Semiconductor Chip Design Center) শুরু করার প্রস্তাব করছেন। এই উদ্যোগটি আপস্টেটের ইতিমধ্যেই শক্তিশালী চিপ উৎপাদন ইনফ্রাস্ট্রাকচারকে সমর্থন করতে ডাউনস্টেটের গভীর জ্ঞানের অর্থনীতির ইকোসিস্টেমকে কাজে লাগানোর ব্যাপারে মনোযোগ দিবে। এই সেন্টারটি হবে একটি বিশ্বমানের চিপ ডিজাইন ফ্যাসিলিটি, যা স্টার্টআপ ফার্মগুলির জন্য একটি ইনকিউবেটর হিসেবে কাজ করবে, চিপ ডিজাইনারদের প্রশিক্ষণ দেবে, এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে বৃহত্তর সেমিকন্ডাক্টর খাতের সাথে স্টার্টআপগুলিকে সংযুক্ত করবে। উন্নয়নের প্রাথমিক পর্যায়গুলিকে উৎসাহিত করার মাধ্যমে নিউ ইয়র্ক এই অতি প্রয়োজনীয় টেকনোলজির ক্ষেত্রে নিজেকে শীর্ষ অবস্থানে স্থাপন করবে এবং ডাউনস্ট্রিম ম্যানুফ্যাকচারিংয়ের আরো বিকাশকে সমর্থন করবে।

কঠিন সময়ে ম্যানুফ্যাকচারিং আধুনিক করা
নিউ ইয়র্কের ম্যানুফ্যাকচারিং খাত স্টেটের অর্থনৈতিক প্রাণশক্তির জন্য অতি প্রয়োজনীয়, এটি স্টেটের গ্রস ডোমেস্টিক প্রোডাক্টে 100 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অবদান রাখে এবং 410,000-এর বেশি নিউ ইয়র্কবাসীকে চাকরি দেয়। গভর্নর Hochul (হোকল) ম্যানুফ্যাকচারিংকে নিউ ইয়র্ক স্টেটে ফিরিয়ে আনছেন, যার মধ্যে সেন্ট্রাল নিউ ইয়র্কে (Central New York) Micron প্রজেক্ট দিয়ে ইউনাইটেড স্টেটসের (U.S.) ইতিহাসের সবথেকে বড় ম্যানুফ্যাকচারিং প্রজেক্টগুলোরই একটি পাওয়া গেছে।

এই গতিকে আরো অগ্রসর করতে এবং বিপরীতমুখী ফেডারেল পলিসির মুখোমুখি হয়ে চাকরি বাড়ানোকে সমর্থন করতে গভর্নর Hochul (হোকল) স্টেটের ছোট এবং মাঝারি আকারের ম্যানুফ্যাকচারারদের সমর্থন করতে Governor's Manufacturing Modernization প্রোগ্রাম শুরু করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে (Empire State Development) নির্দেশ দেবেন। এই প্রোগ্রামটি পুরো স্টেটে সেন্টারের একটি নেটওয়ার্ক তৈরি করবে যার উদ্দেশ্য হবে ছোট এবং মাঝারি আকারের ম্যানুফ্যাকচারারদের নতুন টেকনোলজি ব্যবহার শুরু করতে সাহায্য করা। এই সেন্টারগুলি ছোট ম্যানুফ্যাকচারারদেরকে তাদের অপারেশনে AI যোগ করার সময় টেকনিক্যাল সাহায্য দিবে, ব্যবসাকে জিওপলিটিক্যাল এবং ট্যারিফের প্রভাব মানিয়ে নিতে সহজে করার জন্য সাপ্লাই চেইন পরামর্শ দিবে, এবং সরঞ্জাম আধুনিক করতে বা ক্লিন এনার্জির মতো অগ্রাধিকার পাওয়া খাতে সরে আসতে ক্যাপিটাল অনুদান দিবে।

এই পদক্ষেপগুলি নতুন আবিষ্কার সম্ভব করবে এবং একই সাথে ম্যানুফ্যাকচারিংয়ে নতুন পরিবার টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করবে, যা নিশ্চিত করবে যে নিউ ইয়র্কে তৈরি হওয়া কোম্পানিগুলি প্রতিযোগিতায় টিকে থাকে এবং স্থিতিশীল থাকে, এবং দ্রুত বদলে যেতে থাকা একটি গ্লোবাল অর্থনীতিতে ম্যানুফ্যাকচারিং ফেরত আনতে গভর্নরের ট্র্যাক রেকর্ড যাতে ধরে রাখা যায়।

কোয়ান্টাম টেকনোলজির মাধ্যমে আমাদের কোয়ান্টাম এজ তৈরি করা কমার্শালাইজেশন হাব

কোয়ান্টাম টেকনোলজি আমাদেরকে বিশ্বের সবথেকে জটিল কিছু সমস্যা সবথেকে দ্রুত সময়ে সমাধান করার ক্ষমতা দেয়। আমাদের বিশ্বকে বদলে দেওয়ার, কম্পিউটিং, সেন্সিং, এবং নিরাপদ যোগাযোগে ব্রেকথ্রুয়ের মাধ্যমে পুরো ইন্ডাস্ট্রিতে বিপ্লব আনার সম্ভাবনা এর আছে। প্র্যাকটিক্যাল ব্যবহারের মধ্যে আছে আরো নিরাপদ আর্থিক লেনদেন, ক্লিন এনার্জি এবং রিনিউয়েবল টেকনোলজি অগ্রসর করা, এবং ওষুধ আবিষ্কারের ক্ষেত্রে আরো দ্রুত প্রোটিন মডেলিং। নতুন এই খাতে নিউ ইয়র্কের নেতৃত্ব স্থাপন করা হলে তা উল্লেখযোগ্য অর্থনৈতিক বিকাশও সম্ভব করবে। সারা বিশ্বে কোয়ান্টাম টেকনোলজি 2035 সালের মধ্যে 97 বিলিয়ন মার্কিন ডলার রেভিনিউ তৈরি করবে বলে অনুমান করা যাচ্ছে।

তবে কোয়ান্টাম ইনফ্রাস্ট্রাকচারের অ্যাক্সেস অত্যন্ত সীমিত; সিস্টেমগুলি অনেক বেশি দামি, পরীক্ষার পরিবেশ সীমিত, এবং বেশির ভাগ কোম্পানির কাছে স্বাধীনভাবে কোয়ান্টাম সক্ষমতা তৈরি বা প্রয়োগ করার টেকনিক্যাল ক্ষমতা নেই। State University of New York (SUNY) Stony Brook-এ স্টেটের কোয়ান্টাম রিসার্চ অ্যান্ড ইনোভেশন হাবের গতিবেগকে অগ্রসর করতে গভর্নর Hochul (হোকল) পুরো নিউ ইয়র্ক স্টেটে আরো চারটি কোয়ান্টাম হাব প্রতিষ্ঠা করার প্রস্তাব করছেন যা ইনকিউবেটর হিসেবে কাজ করবে এবং কোয়ান্টাম টেকনোলজির বিকাশ ও কমার্শালাইজেশনকে সম্ভব করবে। এই হাবগুলি হবে কোয়ান্টাম নতুন আবিষ্কারের আঞ্চলিক নোঙ্গর, যা নতুন আবিষ্কারের কমার্শালাইজেশনকে এবং বাস্তব জীবনে ব্যবহারের সম্ভাবনাকে অগ্রাধিকার দিবে। প্রতিটি হাবে কোয়ান্টামকেন্দ্রিক স্টার্টআপের জন্য একটি ইনকিউবেটরের আয়োজন করা হবে, যা প্রাথমিক পর্যায়ের কোম্পানিগুলিকে অতি গুরুত্বপূর্ণ রিসোর্স দিবে, যার মধ্যে মেন্টরশীপ এবং স্থানীয় কোয়ান্টাম নেটওয়ার্ক এবং কোয়ান্টাম কম্পিউটিংয়ের অ্যাক্সেস থাকবে।

এই পদক্ষেপগুলি নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক নতুন আবিষ্কারের ক্ষেত্রে একটি গ্লোবাল হাব হয়ে থাকতে পারে এবং কোয়ান্টাম টেকনোলজি পরিণত হতে থাকার সময় জাতীয়ভাবে ও সারা বিশ্বে প্রতিযোগিতা করতে পারে এবং বাজারের সম্পূর্ণ সম্ভাবনা ব্যবহার করতে পারে।

নিউ ইয়র্ক স্টেটে বায়োটেকনোলজিকে জোরদার করা

নিউ ইয়র্কের বায়োটেকনোলজি এবং লাইফ সাইন্স ইন্ডাস্ট্রি হলো অর্থনৈতিক বিকাশের একটি ইঞ্জিন। বায়োটেক গবেষণা ও বিকাশ শুধু রোগ নিরাময়ের যুগান্তকারী অগ্রগতি দিয়ে পরিমাপ করা জনকল্যাণের অগ্রসর করে না, বরং এছাড়াও ভালো বেতনের নতুন চাকরি তৈরি করে এবং একই সাথে উদ্যোক্তা এবং স্টার্টআপের জন্য পথ তৈরি করে। লাইফ সাইন্সে গভর্নরের কৌশলী বিনিয়োগের উপর ভিত্তি করে, যার মধ্যে লং আইল্যান্ড (Long Island) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে (Western New York) সেল এবং জিন থেরাপি ইনোভেশন হাব (Cell and Gene Therapy Innovation Hub) তৈরি এবং বায়োডিফেন্স কমার্শালাইজেশন ফান্ড (Biodefense Commercialization Fund) তৈরি আছে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ককে লাইফ সাইন্সের নতুন আবিষ্কারের কেন্দ্রবিন্দু করতে একটি নতুন বিনিয়োগ শুরু করবেন।

গভর্নরের Bolstering Biotech উদ্যোগটি ডিসকভারি থেকে কমার্শালাইজেশন পর্যন্ত লাইফ লাইন্স খাতের পাইপলাইনের সকল পর্যায়কে সমর্থন করবে, যা বায়োটেক নতুন আবিষ্কারের সামনের সারিতে নিউ ইয়র্কের অবস্থানকে জোরদার করবে।

এই বিনিয়োগগুলি জীবন বদলে দেওয়ার মতো থেরাপিউটিক্সের কমার্শালাইজেশনের গতি বাড়াবে, যেখানে নিউরোডিজেনারেটিভ রোগের উপর মনোযোগ দেওয়া হবে, এবং নিচের প্রোগ্রামগুলির মাধ্যমে বায়োটেকনোলজির গবেষণা ও বিকাশে বেসরকারি বিনিয়োগ আনা সম্ভব করবে:

- ভেঞ্চার ক্যাপিটাল বিনিয়োগ: নেক্সট জেনারেশনের ইন্ডাস্ট্রির নেতাদের পরিণত হওয়ার সম্ভাবনা আছে এমন প্রতিশ্রুতিসহ স্টার্টআপকে সমর্থন করার জন্য সরকারি ও বেসরকারি উদ্যোগে বিনিয়োগকে কাজে লাগানো;
- ফেলোশীপ এবং কর্মশক্তির বিকাশ: বায়োটেক ক্ষেত্রে উৎপাদন থেকে শুরু করে c-স্যুট পর্যন্ত বেশি চাহিদাসম্পন্ন চাকরি করার জন্য প্রয়োজনীয় দক্ষতা দিয়ে নিউ ইয়র্কবাসীদের তৈরি করার জন্য পরিকল্পিত নতুন দক্ষতা ট্রেনিংয়ের প্রোগ্রাম শুরু করে দেওয়া, যা নিউ ইয়র্কবাসীদের জন্য বেশি বেতনের চাকরির পথ খুলে দিবে;
- Commercialization Grant প্রোগ্রাম: নিউরোডিজেনারেটিভ রোগের মতো টার্গেটেড ক্ষেত্রে বায়োটেক আবিষ্কার বাজারে আনতে কোম্পানিগুলিকে সাহায্য করার জন্য স্টেটের সফলBiodefense Commercialization প্রোগ্রামের মডেল অনুযায়ী একটি নতুন, পারফরম্যান্সভিত্তিক অনুদান কর্মসূচি তৈরি করা;
- পুরো স্টেটে ক্লিনিক্যাল ট্রায়াল কনসোর্টিয়াম: নিউ ইয়র্কের গবেষণা প্রতিষ্ঠানগুলির সম্মিলিত শক্তিকে কাজে লাগিয়ে অত্যাধুনিক থেরাপির অ্যাক্সেস বাড়াতে এবং স্টেটকে চিকিৎসা খাতের নতুন আবিষ্কারের জন্য একটি প্রধান গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করতে পুরো স্টেটে ক্লিনিক্যাল ট্রায়াল কনসোর্টিয়াম প্রতিষ্ঠা করা।

একসাথে, এই কৌশলগত বিনিয়োগগুলি প্রাথমিক গবেষণা ও বিকাশ থেকে শুরু করে স্টার্টআপ বাড়ানো এবং কর্মী ট্রেনিং, এবং বড় আকারের ইন্ডাস্ট্রিকে আকৃষ্ট করা, মেডিকেল স্কুল এবং ইন্ডাস্ট্রির নেতাদের মধ্যে সহযোগিতা সম্ভব করা পর্যন্ত লাইফ সাইন্সের প্রতিটি ভ্যালু চেইনকে জোরদার করবে। গভর্নরের Bolstering Biotech উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক নতুন আবিষ্কারের গতি বাড়াবে, প্রতিশ্রুতি আছে এমন কোম্পানিকে বড় করবে, বেসরকারি ক্যাপিটালকে আকৃষ্ট করবে, ভালো চাকরি তৈরি করবে, এবং জাতীয়ভাবে এবং সারা বিশ্বে বায়োটেকে নেতৃত্ব দিতে একটি দক্ষ কর্মশক্তি তৈরি করবে।

Autonomous Vehicle Pilot প্রোগ্রামের পরবর্তী ফেজ শুরু করা

অটোনোমাস যানবাহনের (autonomous vehicle, AV) টেকনোলজি দ্রুত অগ্রসর হচ্ছে, এবং নিউ ইয়র্কের কাছে পদক্ষেপ নেওয়ার একটি সুযোগ আছে যাতে আমাদের রাস্তায় এর নিরাপদ ও দায়িত্বশীল ব্যবহার নিশ্চিত করা যায়। সেজন্য গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক সিটির বাইরে কমার্শিয়াল ভাড়ার জন্য অটোনোমাস যাত্রীবাহী যানবাহনের সীমিত ব্যবহারের অনুমতি দেওয়ার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের autonomous vehicle pilot প্রোগ্রামের পরের ফেজ অগ্রসর করতে একটি লেজিস্লেশন পেশ করবেন। কমিউনিটির জন্য চলাচলের সুযোগ বাড়ায় এবং উন্নত করে এমন পাইলটিং সেবায় আগ্রহী AV কোম্পানিগুলিকে অবশ্যই আবেদন জমা দিতে হবে যা AV ডিপ্লয়মেন্টের জন্য স্থানীয় সমর্থন দেখাবে এবং সর্বোচ্চ সম্ভব নিরাপত্তা স্ট্যান্ডার্ড মেনে চলবে।

উদ্যোগটি পুরো স্টেটে বহু বছরের সফল পরীক্ষা ও প্রদর্শনীর ভিত্তিতে হবে এবং এটি বাড়তে থাকা প্রমাণ তুলে ধরে যে চিন্তাশীলভাবে নিয়ে আসলে অটোনোমাস যানবাহন রাস্তার নিরাপত্তা এবং পরিবহনের সুযোগ বাড়িয়ে দেয়। নতুন আবিষ্কারকে দৃঢ় তত্ত্বাবধান এবং ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিকেলস (Department of Motor Vehicles, DMV), ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation, DOT), এবং নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police, NYSP)মতো স্টেটের এজেন্সির পরিকল্পনার সাথে একত্রিত করে নিউ ইয়র্ক পরিবহনের ভবিষ্যতকে আকার দিবে এবং একই সাথে জননিরাপত্তাকে সবার প্রথমে এবং সবকিছুর কেন্দ্রে রাখবে।

স্থানীয় অর্থনৈতিক বিকাশ প্রজেক্ট ট্র্যাকিং উন্নত করা হবে

ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি এবং অথোরিটি (Industrial development agencies and authorities, IDAs) হলো অর্থনৈতিক বিকাশ, হাউজিং এবং পুরো স্টেটের অন্যান্য অগ্রাধিকারগুলি অগ্রসর করার জন্য অতি গুরুত্বপূর্ণ, যা শুধু 2024 সালেই 900 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নেট ট্যাক্স মৌকুফের রিপোর্ট করেছে। তবে, স্টেটের লিগ্যাসি ট্র্যাকিং সিস্টেমের অদক্ষতার কারণে সেই বিনিয়োগগুলি পর্যবেক্ষণ করা চ্যালেঞ্জিং হতে পারে। স্থানীয় অথোরিটিগুলি সেলস ট্যাক্স মৌকুফের উপর যথাযথ নজরদারি না করেও অর্থ হারাচ্ছে।

বর্তমান ব্যবস্থার পুনর্গঠন এবং এটিকে একটি ভালোভাবে বিকাশ করা, ভালো বিশ্লেষণের সরঞ্জাম দিয়ে বদলে দেওয়ার মাধ্যমে স্বচ্ছতা, সততা এবং দক্ষতা বাড়াবে, একই সাথে তত্ত্বাবধানের তথ্য দিবে এবং স্থানীয় অথোরিটিকে প্রজেক্টের ফলাফল আরো ভালভাবে জানানোর সুযোগ দিবে। পাশাপাশি, অথোরিটিজ বাজেট অফিসের (Authorities Budget Office, ABO) রেভিনিউ ইন্টিগ্রিটি গ্রুপ (Revenue Integrity Group) বাস্তবায়নের মাধ্যমে আনুমানিক

11 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত সেলস ট্যাক্স মওকুফ পুনরুদ্ধার করা সম্ভব হতে পারে যার উপর বর্তমানে নজর রাখা হচ্ছে না।

Empire AI Beta শুরু করা এবং SUNY Binghamton-এ প্রথম ইন্ডিপেন্ডেন্ট AI রিসার্চ সেন্টার গঠন করা

গভর্নর হোকল Empire AI শুরু করেছেন, যা দেশের প্রথম সরকারি ও বেসরকারি গবেষণা প্রতিষ্ঠানের একটি কনসোর্টিয়াম যা জনগণের কল্যাণের জন্য AI গবেষণাকে অগ্রসর করছে, যা নিউ ইয়র্ককে ভালো উপায়ে গবেষণা এবং প্রয়োগের ক্ষেত্রে শীর্ষ স্থানে রাখবে। নিউ ইয়র্কের Empire AI সিস্টেম, যা State University of New York at Buffalo-এ অবস্থিত বিশ্বের সবথেকে উন্নত একাডেমিক সুপার কম্পিউটার দিয়ে চলে, তা ইতিমধ্যেই বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ গবেষণা সিস্টার ক্ষেত্রে বড় মাত্রায়, অত্যাধুনিক টেকনোলজি ব্যবহার করছে।

গত বছর, গভর্নর Hochul (হোকল) সুপারকম্পিউটিং পাওয়ারের দ্বিতীয় পর্যায়ের, Empire AI Beta-এর সরঞ্জামের জন্য তহবিল ঘোষণা করেছিলেন। বর্তমানে, Alpha সিস্টেমের পাশাপাশি Empire AI Beta ইনস্টল করা হচ্ছে, যা এখন 10টি সদস্য প্রতিষ্ঠানের শত শত গবেষককে জনগণের কল্যাণে AI গবেষণা চালিয়ে যাওয়ার সুযোগ করে দিচ্ছে। নতুন Beta সিস্টেমটি Empire AI-এর পারফরম্যান্সকে ব্যাপকভাবে তার আগের স্কেলের 11 গুণ বাড়িয়েছে, যা এটিকে বিশ্বের সবথেকে উন্নত একাডেমিক সুপার কম্পিউটারে পরিণত করেছে। Empire AI Alpha এবং Empire AI Beta সদস্য প্রতিষ্ঠানগুলিকে ভবিষ্যতের ফুল-স্কেল এ Empire AI সিস্টেমের কাজ চলার সময় যত তাড়াতাড়ি সম্ভব গুরুত্বপূর্ণ AI গবেষণা পরিচালনা করার অনুমতি দিবে।

তার দেশসেরা Empire AI উদ্যোগের উপর ভিত্তি করে, গভর্নর Hochul (হোকল) State University of New York at Binghamton-এর জন্য একটি রেকর্ড ভাঙ্গা উপহার ঘোষণা করবেন যা বেসরকারি দাতারা দিবেন, যাতে AI জনকল্যাণকে অগ্রসর করার জন্য তৈরি করা একমাত্র পাবলিক ইউনিভার্সিটি সেন্টার তৈরি করা যায়।

এই বিনিয়োগ, যা ইউনিভার্সিটির ইতিহাসে সবথেকে বড় একাডেমিক উপহার, তা বিজ্ঞান ও প্রকৌশলকে কাজে লাগিয়ে দায়িত্বশীল, পুনরাবৃত্তিযোগ্য এবং স্বচ্ছ আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স তৈরির জন্য কেন্দ্রটিকে দেশের শীর্ষ একাডেমিক কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করবে। এর লক্ষ্য হলো জনগণের কল্যাণে AI-এর অসাধারণ শক্তিকে কাজে লাগানোর উপায় খুঁজে বের করা এবং AI মডেল এবং সিস্টেমের নিরাপত্তা, সুরক্ষা এবং স্বচ্ছতার উপর ভিত্তি করে টেকনোলজিক্যাল গবেষণার জন্য একটি প্রধান কেন্দ্র হিসেবে কাজ করা যাতে AI জনগণের কল্যাণে কাজ করে তা নিশ্চিত করা যায়, জনগণের কল্যাণের জন্য একটি নতুন টেকনোলজিক্যাল ডিসিপ্লিনের ক্ষেত্রে নিউ ইয়র্ককে সামনের দিকে রাখা যায় এবং নিউ ইয়র্কে AI প্রতিভাদের আকৃষ্ট করা যায়। এই বিনিয়োগ নতুন আবিষ্কার, গবেষণা এবং জনসেবায় নেতৃত্বকে একত্রিত করে জননিরাপত্তাকে অগ্রসর করবে যাতে আমাদের কমিউনিটির কল্যাণে AI ব্যবহারের উপায় খুঁজে বের করার জন্য উল্লেখযোগ্য ক্যাপিটাল ব্যবহার করা হচ্ছে তা নিশ্চিত করা যায়।

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ডকে অগ্রসর করা

স্টেটের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) পুরো স্টেটের ডাউনটাউন এলাকাগুলিকে পুনরুজ্জীবিত এবং উন্নত করার জন্য তহবিল সরবরাহ করে, যা ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন, গণপরিবহন, চাকরি তৈরি এবং অর্থনৈতিক কর্মকাণ্ডকে সমর্থন করে। নিউ ইয়র্ক ফরোয়ার্ড (New York Forward) একইভাবে ডাউনটাউনেই পুনরুজ্জীবনের জন্য তহবিল সরবরাহ করে, তবে গ্রাম এবং পল্লীর মতো ছোট এবং গ্রামীণ কমিউনিটির জন্য রিসোর্স দেওয়ার লক্ষ্য থাকে। গভর্নর Hochul (হোকল) এই প্রোগ্রামগুলির জন্য নতুন রাউন্ডের বিনিয়োগের প্রস্তাব করছেন যাতে কমিউনিটিকে ডাউনটাউন এলাকাকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করতে সাহায্য করা যায় যা মানসম্পন্ন জীবনযাপন সম্ভব করে এবং ব্যবসা,চাকরি তৈরি, এবং অর্থনৈতিক ও হাউজিং ডাইভার্সিটি সম্ভব করে।

অসাধারণ নাগরিক অবদান রাখা নিউ ইয়র্কবাসীকে স্বীকৃতি দিতে গভর্নরের মেডেল প্রতিষ্ঠা করা

আগামী ইউনাইটেড স্টেটসের (United States) 250তম বর্ষপূর্তিতে, নিউ ইয়র্কবাসীদের সম্মানে গভর্নরের মেডেল দেওয়া হবে, যাদের অবদান আমাদের স্টেটের নাগরিক ও সাংস্কৃতিক জীবনকে গঠন ও শক্তিশালী করেছে। গভর্নর Hochul (হোকল) টেকসই সরকারি বিনিয়োগ এবং স্বীকৃতির মাধ্যমে নাগরিকদের জড়িত করা, আর্টস এবং সংস্কৃতিকে মূল অগ্রাধিকার করেছেন। গভর্নরের মেডেল সেই নিউ ইয়র্কবাসীদের দেওয়া হবে যারা তাদের কমিউনিটির জন্য অসাধারণ অবদান রেখেছেন এবং জনসেবা, আর্টস, সংস্কৃতি এবং নতুন আবিষ্কারে যাদের অর্জন নিউ ইয়র্কের ধারাবাহিক নেতৃত্ব এবং দেশে এবং সারা বিশ্বে স্থায়ী প্রভাবের উদাহরণ হিসেবে তুলে ধরা যায়।

আমেরিকান রিভোল্যুশনের 250তম বর্ষপূর্তি এবং নিউ ইয়র্কের ইতিহাসকে সম্মান জানানো

এই বছর আমেরিকান রিভোল্যুশনের 250তম বর্ষপূর্তি হবে, যা নিউ ইয়র্কের ইতিহাসকে স্মরণ করার এবং আমাদের ভবিষ্যতের কথা ভাবার একটি ঐতিহাসিক সুযোগ দিবে। পুরো স্টেটে কয়েক ডজন নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) রিভোল্যুশনের যুদ্ধের সাইটে 75 মিলিয়ন মার্কিন ডলারের বেশি সম্পূর্ণ, চলমান বা পরিকল্পিত বিনিয়োগের মাধ্যমে রিভোল্যুশনের যুদ্ধের সময়কালের গুরুত্ব উদযাপন করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রস্তুতি দেশের শীর্ষে আছে।

নিউ ইয়র্কের সমৃদ্ধ ও ডাইভার্স ইতিহাসকে স্মরণীয় করে রাখতে, গভর্নর Hochul (হোকল) New York History Preservation and Resource Center (History PaRC) তৈরির প্রক্রিয়া শুরু করছেন। এই উচ্চাকাঙ্ক্ষী প্রজেক্টটি ওয়াটারফোর্ডের (Waterford) Peebles Island State Park-এ অবস্থিত ডিভিশন ফর হিস্টোরিক প্রিজার্ভেশনের (Division for Historic Preservation) সদর দপ্তরকে একটি অত্যাধুনিক পাবলিক হিস্ট্রি হাবে রূপান্তরিত করবে। History PaRC-এর ফ্যাসিলিটিগুলি নিউ ইয়র্কের ঐতিহাসিক সংগ্রহ এবং সংরক্ষণ প্রোগ্রামগুলিতে জনগণের অ্যাক্সেস অনেক বেশি বাড়াতে ডিজাইন করা হবে, যার লক্ষ্য হবে নিউ ইয়র্কের ইতিহাস সম্পর্কে আজীবন শিক্ষা এবং কৃতজ্ঞতাকে অনুপ্রাণিত করা। পাবলিক প্রদর্শনী স্থানের বাইরে, এটি ট্রেনিং ও ওয়ার্কশপ, ঐতিহাসিক গবেষণার জন্য একটি সহযোগী কেন্দ্র হিসেবেও কাজ করবে এবং স্টেটের এজেন্সি এবং সাংস্কৃতিক অর্গানাইজেশনগুলির মধ্যে বৃহত্তর সহযোগিতা বাড়িয়ে দিবে।

County Infrastructure Grant প্রোগ্রাম বড় করা
নিউ ইয়র্কের County Infrastructure Grant প্রোগ্রামটি কাউন্টিগুলিকে গুরুত্বপূর্ণ, ছোট আকারের ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টের তহবিল দিয়ে সাহায্য করে যা নিউ ইয়র্কবাসীর প্রতিদিনের জীবনকে প্রভাবিত করে এবং বেড়ানোকে উৎসাহিত করে। এই প্রজেক্টের মধ্যে রয়েছে হাউজিং বাড়ানোকে উৎসাহিত করার জন্য রাস্তা, সিউয়ার বা ইউটিলিটি নির্মাণ বা পুনর্বাসন, পর্যটন বাড়ানোর জন্য মিউনিসিপ্যাল বা পাবলিক ইনফ্রাস্ট্রাকচারের উন্নতি এবং পাবলিক স্পেসের সৌন্দর্য বাড়ানো। গভর্নর Hochul (হোকল) এই প্রোগ্রামকে সমর্থন করার জন্য 50 মিলিয়ন ডলার বাড়তি তহবিলের প্রস্তাব করছেন, যা কাউন্টিগুলিকে তাদের প্রয়োজনীয় পাবলিক ইনফ্রাস্ট্রাকচার আধুনিক করতে এবং পুনর্নির্মাণ করতে সাহায্য করবে যাতে তারা প্রতিযোগিতায় টিকে থাকতে পারে এবং অর্থনৈতিক বিকাশ করতে পারে।

নাচের উপর সেকেলে সীমাবদ্ধতা দূর করা
কয়েক দশক ধরে, ট্যাভার্ন, বার এবং রেস্টুরেন্টে লাইসেন্সিংয়ে জটিলতা এবং স্বচ্ছতার অভাব নাচের ব্যাপারে জনগণের মধ্যে বিভ্রান্তি তৈরি করেছে, যা প্রায়ই কমিউনিটিতে ঝামেলা তৈরি করেছে। যেহেতু বার এবং ট্যাভার্নে নাচের অনুমতি রয়েছে (SLA এবং কমিউনিটি বোর্ড লেভেলে ব্যুরোক্রেটিক প্রক্রিয়ার পরে) কিন্তু রেস্টুরেন্টে তা সবসময় অনুমোদিত হয় না, তাই কিছু আবেদনকারী, বিশেষ করে যারা কখনো রেস্টুরেন্ট এবং কখনো বার বা ট্যাভার্ন চালাতে চান, তারা নিজেদের রেস্টুরেন্ট বলে থাকেন কিন্তু নাইটক্লাব চালান। এটি কমিউনিটির আস্থা নষ্ট করে, অভিযোগের পরিমাণ বাড়িয়ে দেয় এবং SLA-কে নাচের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে বাধ্য করে

আস্থা ও স্বচ্ছতা উন্নত করতে এবং রেড টেপ দূর করতে, গভর্নর Hochul (হোকল) প্রস্তাব করেছেন যেখানে ট্যাভার্ন এবং বারে ডিফল্টভাবে নাচের অনুমতি দেওয়া এবং একটি নতুন হাইব্রিড রেস্টুরেন্ট-ট্যাভার্ন লাইসেন্স তৈরি করার জন্য SLA-কে দায়িত্ব দেওয়া হবে। বার এবং ট্যাভার্নের ক্ষেত্রে, পাবলিক শুনানির কোনো প্রক্রিয়া বা প্রয়োজন পরিবর্তন হবে না এবং কমিউনিটি বোর্ডগুলি আরো সুপারিশ করার ক্ষেত্রে তাদের ভূমিকা বজায় রাখতে পারবে। যেসব রেস্টুরেন্টে নাচের অনুমতি দেওয়া হয় না, তাদের জন্য লাইসেন্সের ধরণে কোনো পরিবর্তন হবে না। যেসব আবেদনকারী আলাদা আলাদা ধরণের রেস্টুরেন্ট এবং বার বা ক্লাব সব পরিচালনা করতে চান, তাদের জন্য নতুন হাইব্রিড লাইসেন্সের ধরণ কমিউনিটির জন্য আরো স্বচ্ছতা আনবে, কারণ লাইসেন্সটি প্রতিষ্ঠানের চরিত্রকে সঠিকভাবে তুলে ধরবে। সকল ধরণের লাইসেন্সের ক্ষেত্রে নাচ এবং পারফরম্যান্স নাচের জন্য কমিউনিটির ডিসক্লোজার এবং মতামত নেওয়ার সময়কাল আবশ্যিকই থাকবে।

Alcoholic Beverage Control Law আধুনিক করা
নিউ ইয়র্কে সাপ্লাই চেইনের ব্যবসাগুলিকে পুরনো, প্রহিবিশন এরার নিয়ম মানতে হচ্ছে। গভর্নর হোকল ABC আইন আধুনিক করতে লেজিস্লেশনের প্রস্তাব করে ভোক্তাদের পছন্দকে সম্ভব করবেন এবং স্থানীয় অর্থনীতিকে জোরদার করবেন। যেমন, তিনি সকল উৎপাদনকারীকে তিনটি পর্যন্ত রেস্টুরেন্ট বা ট্যাভার্ন লাইসেন্সের মালিকানা এবং তাদের ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটিতে রেস্টুরেন্ট বা বার খোলার অনুমতি দিয়ে অ্যালকোহলযুক্ত পানীয় ম্যানুফ্যাকচারারদের জন্য সুযোগ বাড়াবেন, স্টেটের বাইরের ম্যানুফ্যাকচারারদের নিউ ইয়র্কে

বিনিয়োগ করতে উৎসাহিত করবেন এবং নিউ ইয়র্কের ব্যবসার জন্য সুযোগ তৈরি করবেন। 2007 এবং 2014 সালে ফার্ম ম্যানুফ্যাকচারারদের জন্য আইন শিথিল করা হয়েছিলো, কিন্তু নিউ ইয়র্কের কৃষি ছাড়া অন্য পণ্য উৎপাদনকারী এবং স্টেটের বাইরের সকল উৎপাদনকারী এখনও এই সীমাবদ্ধতার মধ্যে আছেন। স্পোর্টস বার এবং ক্যাফে থেকে শুরু করে এয়ারপোর্টের লাউঞ্জ, হোটেল এবং সিনেমা হল, সব স্থানে লাইসেন্সিং আধুনিক করা প্রয়োজন।

পুরো গাঁজা সাপ্লাই চেইনে সমতার জন্য বিনিয়োগ করা

2021সালে বিনোদনমূলক গাঁজা বৈধ হওয়ার পর থেকে, নিউ ইয়র্ক এই ইন্ডাস্ট্রিকে দাঁড় করানোর দিকে মনোযোগ দিয়েছে, যার মধ্যে পুরো স্টেটে নতুন ব্যবসাকে লাইসেন্স পেতে এবং পরিচালনা শুরু করতে সাহায্য করা আছে। পাঁচ বছর পর, 2.65 বিলিয়ন মার্কিন ডলারের বাজারে 550টির বেশি ডিসপেনসারি নিয়ে ইন্ডাস্ট্রিটি পরিণত হওয়ার ফলে নতুন নতুন চাহিদা দেখা দিচ্ছে। সাপ্লাই চেইন এবং পুরো স্টেটে, আমাদের এমন ব্যবসায়িক উন্নয়নের সুযোগ তৈরি করতে হবে যা লাইসেন্স এবং স্টার্টআপ সাহায্য ছাড়াও অন্যান্য দীর্ঘমেয়াদী স্থায়িত্বের উপর মনোযোগ দিবে, দেশের সবথেকে সমতার গাঁজার বাজার হিসেবে আমাদের সাফল্যকে ধরে রাখতে পারবে।

গভর্নর Hochul (হোকল) একটি সার্টিফাইড ক্যানাবিস বিজনেস ইনকিউবেটর হাব নেটওয়ার্ক, SUNY এবং City University of New York (CUNY)-এর সাথে একটি কর্মশক্তি বিকাশের পার্টনারশিপ, এবং CUNY ল ফাউন্ডেশনের (CUNY Law Foundation) একটি প্রো বোনো উদ্যোগ তৈরি করে গাঁজা সাপ্লাই চেইনকে শক্তিশালী করার প্রস্তাব করছেন। আইনি এবং অ্যাকাউন্টিংয়ের মতো ক্ষেত্রে ট্রেনিং এবং টেকনোলজিক্যাল সাহায্য দেওয়া পুরো স্টেটের যাচাইকৃত সেবাদানকারীরা নিয়ে তৈরি হওয়া এই নেটওয়ার্কটি স্টার্টআপ থেকে শুরু করে স্কেল পর্যন্ত গাঁজা ব্যবসার জন্য একটি ওয়ান-স্টপ শপ হিসেবে কাজ করবে, যেখানে Social and Economic Equity (SEE) প্রোগ্রাম দিয়ে অগ্রাধিকার পাওয়া প্রাপ্ত গোষ্ঠী এবং অনেক বেশি অনুপাতে প্রভাবিত কমিউনিটির (communities disproportionately impacted, CDI) উপর মনোযোগ দেওয়া হবে। এই উদ্যোগগুলি কমিউনিটি, সামরিক দায়িত্বে ডিজেবল্ড হওয়া ভেটেরান, জীবন দুর্দশায় থাকা কৃষক, এবং একই সাথে সাপ্লাই চেইনের অন্যান্য স্টেকহোল্ডারদের থেকে গাইডেন্স নিয়ে ও তাদের জড়িত করার মাধ্যমে তৈরি করা হবে।

ইন্ডাস্ট্রিকে আধুনিক করতে ডেইরি ফার্মারদের সমর্থন করা

দায়িত্ব গ্রহণের পর থেকে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কে ডেইরি ম্যানুফ্যাকচারিং খাতকে নজিরবিহীন ভাবে বড় করার ক্ষেত্রে নেতৃত্ব দিয়েছেন। স্টেট পুরো স্টেটে বিনিয়োগ উদযাপন করেছে, যার মধ্যে আছে ওয়েবস্টারে (Webster) 650 মিলিয়ন মার্কিন ডলারের fairlife উৎপাদন প্ল্যান্ট, শ্যাটাগেতে (Chateaugay) প্রায় 30 মিলিয়ন মার্কিন ডলারের Agri-Mark পনির ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি বড় করা, রোমে (Rome) 1.2 বিলিয়ন মার্কিন ডলারের নতুন Chobani দই ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি, ডানকার্কের (Dunkirk) Wells Enterprises-র 425মিলিয়ন মার্কিন ডলারের আইসক্রিম ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটি, ইত্যাদি, যা নর্থইস্টের (Northeast) শীর্ষ দুধ উৎপাদনকারী হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে শক্তিশালী করে। বর্তমানে পুরো স্টেটে প্রায় 300টি সারা বিশ্বে স্বীকৃত ডেইরি প্রসেসিং প্ল্যান্ট আছে।

ম্যানুফ্যাকচারিং এবং প্রসেসিং এনটিটির সাথে ডেইরি ফার্ম এবং উৎপাদনকে সংযুক্ত করলে একটি সততার অর্থনৈতিক চক্র তৈরি হবে, যা কৃষক, ডেইরি খাতের কর্মী এবং ভোক্তা সকলের জন্যই লাভজনক হবে। তবে, ডেইরি ফার্মাররা অনেক জটিল চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছেন, যার মধ্যে আছে খাদ্যের উপর ট্যারিফ, পুরোনো ইনফ্রাস্ট্রাকচার,, অপারেশনের বাড়তে থাকা খরচ এবং চলমান সাপ্লাই চেইনের চ্যালেঞ্জ যা ফার্মের জন্য ভবিষ্যতের পরিকল্পনা এবং বিনিয়োগ করাকে কঠিন করে তুলছে।

গভর্নর Hochul (হোকল) Dairy Modernization প্রোগ্রামের আরেকটি রাউন্ড অগ্রসর করার মাধ্যমে এবং ফার্মগুলিকে অপারেশন আধুনিক করতে এবং বড় প্রজেক্টের কাজ শেষ করতে প্রয়োজনীয় সময় ও নিশ্চয়তা দিতে রিফান্ডেবল বিনিয়োগের ট্যাক্স ক্রেডিট বাড়ানোর মাধ্যমে ডেইরি ফার্মারদের জন্য সাহায্য বাড়াবেন। রিফান্ডেবল বিনিয়োগের ট্যাক্স ক্রেডিট বাড়ানো হলে কৃষকেরা ফেডারেল ট্যারিফের ব্যবস্থার কারণে ব্যবসা করার বাড়তি খরচ মেটাতে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাবেন। এই পদক্ষেপগুলি কৃষকদেরকে ফার্মের স্টোরেজ এবং প্রসেসিং ব্যবস্থা উন্নত করতে, দক্ষতা এবং দুধের গুণমান উন্নত করতে এবং সীমিত মার্জিন এবং বাজারের অস্থিরতা থাকলেও সরঞ্জাম ও ফ্যাসিলিটিতে বিনিয়োগ চালিয়ে যেতে সহায়তা করবে। ডেইরি সাপ্লাই চেইনকে শক্তিশালী করে এবং পুরো স্টেটের গ্রামীণ কমিউনিটিকে সহায়তা করে, নিউ ইয়র্ক চাকরিকে সুরক্ষিত রাখবে, স্থিতিশীল খাদ্য সরবরাহ নিশ্চিত করবে এবং তার ডেইরি ইন্ডাস্ট্রিতে দীর্ঘমেয়াদী প্রতিযোগিতা নিশ্চিত করবে।

ইন্ডাস্ট্রিয়াল হেম্প পাইপলাইন গঠন করা

গভর্নর Hochul (হোকল) তার 2024 সালের স্টেট অফ দ্য স্টেট ভাষণে যেমনটি বলেছিলেন, নিউ ইয়র্ক পুরো স্টেটে তৈরি করতে এবং কৃষকদের সহায়তা করার জন্য তাদের বায়ো ইকোনোমি বাড়াতে, যার মধ্যে রয়েছে হেম্প ইন্ডাস্ট্রি আছে, বড় করতে প্রতিশ্রুতিবদ্ধ আছে। বদলে যেতে থাকা ফেডারেল প্রেক্ষাপটের মুখে নিউ ইয়র্কের হেম্প কৃষকদের সাপ্লাই চেইনে ডাইভার্সিটি সমর্থনের জন্য এবং সাস্টেনেবল এবং সাশ্রয়ী মূল্যের নির্মাণ সামগ্রীর উপর মনোযোগ দিয়ে ইন্ডাস্ট্রিতে বাড়তি R&D চেষ্টা যোগ করতে, গভর্নর Hochul (হোকল) এন্ড-টু-এন্ড ইন্ডাস্ট্রিয়াল হেম্প পাইপলাইন তৈরি করার জন্য পুরো স্টেটে প্রোগ্রাম ও সম্পদের একটি নেটওয়ার্ক স্থাপন করবেন। নিউ ইয়র্কের পাঁচটি ইউনিভার্সিটির একটি গবেষণা ও বিকাশ কনসোর্টিয়াম চাষ থেকে শুরু করে ফাইবার প্রসেসিং এবং পণ্য ম্যানুফ্যাকচারিং ও নির্মাণ পর্যন্ত ইন্ডাস্ট্রিয়াল হেম্পের জন্য একটি সম্পূর্ণ সবুজ অর্থনীতির পাইলট করবে, যা প্রসেসিং ফ্যাসিলিটি এবং কর্মশক্তির ট্রেনিং সেন্টার দুটির জন্যই কাজ করবে এমন একটি বার্ন নির্মাণের মাধ্যমে শেষ হবে। একসাথে, এই পদক্ষেপগুলি আমাদের বায়ো ইকোনোমির বিকাশ করবে এবং পুরো স্টেটের কৃষকদের সাহায্য করবে।

নিউ ইয়র্ককে দেশের হার্ড সাইডার ক্যাপিটাল হিসেবে প্রতিষ্ঠা করা

নিউ ইয়র্ক দেশের শীর্ষ হার্ড সাইডার উৎপাদনকারী, অন্য যেকোনো স্টেটের তুলনায় এখানে বেশি সক্রিয় সাইডারি রয়েছে। আমাদের সাইডার ইন্ডাস্ট্রি গত দশ বছরে উল্লেখযোগ্যভাবে বড় হয়েছে, নিউ ইয়র্কের জন্য মোট এক বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থনৈতিক প্রভাব এনেছে, তবে এখনো ও কৃষি-পর্যটনের অনেক সম্ভাবনাই ব্যবহার করা হচ্ছে না।

ইন্ডাস্ট্রিকে সমর্থন করার জন্য এবং সাইডার যে শক্তিশালী কৃষি-পর্যটন সুযোগ দেয় তা কাজে লাগানোর জন্য, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক সাইডার অ্যাসোসিয়েশনের (New York Cider Association) সাথে কাজ করে নিউ ইয়র্ককে সাইডার স্টেট হিসেবে (State of Cider) প্রতিষ্ঠা করার জন্য, বাগান, টেস্টিং রুম, এবং খাবারের অভিজ্ঞতাকে বাজারজাত করবেন যাতে তা পুরো দেশ থেকে মানুষের বেড়াতে আসার জন্য একটি গুরুত্বপূর্ণ গন্তব্য হয়ে উঠতে পারে। এই পদক্ষেপগুলি গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করবে, স্থানীয় ব্যবসার অসাধারণ কাজকে আরো উন্নত করবে এবং নিউ ইয়র্ককে আমেরিকান হার্ড সাইডারের জন্য প্রধান গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করবে।

SUNY এবং CUNY-তে খরচ সামাল দেওয়া এবং কলেজের সামর্থ্য বাড়ানো

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের পাবলিক কলেজগুলিতে খরচ নিয়ন্ত্রণে রেখে, SUNY-এর স্টেট-পরিচালিত ক্যাম্পাস এবং CUNY-এর সিনিয়র কলেজগুলিতে আবাসিক আন্ডারগ্র্যাজুয়েট স্টুডেন্টদের জন্য টিউশন ফি বন্ধ করে এবং এই প্রতিষ্ঠানগুলিকে অতিরিক্ত অপারেশনের খরচ দিয়ে সাহায্য করে নিউ ইয়র্কের স্টুডেন্ট এবং পরিবারের জন্য সাশ্রয়ী মূল্যের প্রচার করছেন যাতে আরো বেশি নিউ ইয়র্কবাসী ঋণ না নিয়ে ডিগ্রি অর্জন করতে পারেন। SUNY এবং CUNY-এর সব ক্যাম্পাসে টিউশন ফি সমান রেখে, তিনি নিউ ইয়র্কের পরিশ্রমী স্টুডেন্ট এবং পরিবারের উপর থেকে আর্থিক চাপ কমিয়ে নিচ্ছেন।

কলেজের সামর্থ্য নিউ ইয়র্কের অর্থনৈতিক কৌশলের একটি মূল অংশ টিউশন ফিতে এই ফ্রিজ ধরে রাখা, প্রাপ্তবয়স্ক স্টুডেন্টদের জন্য বিনামূল্যে কমিউনিটি কলেজ এবং Tuition Assistance প্রোগ্রামের অ্যাক্সেস আগের এক্সপ্যানশনের মতো অন্যান্য উদ্যোগের সাথে মিলিত হয়ে, কর্মজীবী পরিবার এবং স্টুডেন্টদের জীবনযাপনের খরচ বহন করতে সাহায্য করে এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের ভালো বেতনের চাকরি এবং ক্যারিয়ারের জন্য প্রস্তুত করে।

বেশি চাহিদাসম্পন্ন চাকরির জন্য SUNY এবং CUNY Reconnect বড় করে ক্রয়ক্ষমতা উন্নত করা

আমাদের অর্থনীতিকে শক্তিশালী করে এমন বেশি চাহিদাসম্পন্ন ক্ষেত্রে নতুন পেশাদারি স্বপ্ন পূরণের জন্য প্রাপ্তবয়স্ক স্টুডেন্টদের জন্য কলেজ ডিগ্রির খরচ বাঁধা হয়ে দাঁড়ানো উচিত নয়। 2025 সালে গভর্নর Hochul-এর (হোকল) শুরু করা SUNY এবং CUNY Reconnect, প্রাপ্তবয়স্ক স্টুডেন্টদের স্বাস্থ্যসেবা, সাইবার নিরাপত্তা, বা উন্নত ম্যানুফ্যাকচারিংয়ের মতো বেশি চাহিদাসম্পন্ন ক্ষেত্রে ডিগ্রি অর্জন করলে বিনামূল্যে কমিউনিটি কলেজে পড়ার সুযোগ দেয়। এই প্রোগ্রাম ইতিমধ্যেই অসাধারণ ফলাফল এনে দিয়েছে; এই বছর পুরো স্টেটের কলেজে 16,500টি আবেদন জমা হয়েছে এবং 11,000-এর বেশি স্টুডেন্টকে এই প্রোগ্রামে ভর্তি করা হয়েছে, যা আমাদের অর্থনীতিকে সমর্থন করার জন্য এবং গুরুত্বপূর্ণ ইন্ডাস্ট্রিগুলিতে আমাদের কর্মশক্তিকে শক্তিশালী করার জন্য সফলভাবে কাজ করছে।

এই গতি ধরে রাখতে, গভর্নর Hochul (হোকল) প্রোগ্রামের বেশি চাহিদা সম্পন্ন ক্ষেত্রের তালিকা বড় করবেন যাতে লজিস্টিকস, এয়ার ট্র্যাফিক কন্ট্রোল এবং পরিবহন এবং জরুরি ব্যবস্থাপনার মতো ক্ষেত্রগুলি যোগ করা যায়। আমাদের নার্সিং কর্মশক্তিকে বড় করতে জরুরি প্রয়োজন থাকার কারণে, তিনি নার্সিং ডিগ্রি অর্জনকারী প্রাপ্তবয়স্কদের যোগ করার জন্য প্রোগ্রামটি বড় করবেন, এমনকি তারা যদি ইতিমধ্যেই অন্য কোনো বিষয়ে কলেজ ডিগ্রি অর্জন করে থাকেন

তাহলেও। বেশি চাহিদাসম্পন্ন এলাকায় SUNY এবং CUNY Reconnect প্রোগ্রামকে বড় করার মাধ্যমে, স্টেট বেশি চাহিদাসম্পন্ন ক্ষেত্রগুলিতে কর্মীর উন্নয়নকে সমর্থন করছে, চাকরির শূন্যস্থান পূরণ করে আমাদের অর্থনীতিকে শক্তিশালী করছে এবং পুরো স্টেটে নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক সচলতার সুযোগ তৈরি করছে।

New York Career Connect উদ্যোগ: নিউ ইয়র্কের পুরো উচ্চশিক্ষা সিস্টেমে কলেজের স্টুডেন্টদের কর্মক্ষেত্রের জন্য আরো ভালোভাবে প্রস্তুত করা

স্টুডেন্টরা যখন ডাইনামিক চাকরির বাজার এবং ইন্ডাস্ট্রি থেকে গ্র্যাজুয়েট করছেন, তখন এটি নিশ্চিত করা জরুরি যাতে নিউ ইয়র্কের উচ্চ শিক্ষা ব্যবস্থা সকল স্টুডেন্টের জন্য তাদের গ্র্যাজুয়েট করার আগে কর্মক্ষেত্রের অভিজ্ঞতার ব্যবস্থা করতে পারে যাতে করে তারা ভবিষ্যতের চাকরির বাজারে প্রতিযোগিতা করার জন্য ভালোভাবে তৈরি থাকতে পারে। গভর্নর Hochul (হোকল) আগামী বছর New York Career Connect উদ্যোগের মাধ্যমে SUNY এবং CUNY-কে তাদের আরো হাজার হাজার স্টুডেন্টের জন্য ক্যারিয়ারকেন্দ্রিক, সম্পর্কিত ইন্টার্নশিপ এবং পরীক্ষামূলক শেখার অভিজ্ঞতা দিতে সমর্থন করতে সাহসী পদক্ষেপ নিবেন। প্রতিটি সিস্টেম তাদের জোরদার ইন্টার্নশিপ এবং পরীক্ষামূলক প্রোগ্রাম তৈরি করবে যা ক্যারিয়ার কাউন্সেলিংকে একাডেমিক পরামর্শের সাথে যুক্ত করবে, প্রত্যেক মেজরের জন্য স্পষ্ট ক্যারিয়ারের পথ দিবে, এবং স্থানীয় ব্যবসা এবং সরকারি চাকরির ক্ষেত্রে সুযোগ বাড়াবে। একটি পুরো স্টেটের লক্ষ্যের অধীনে এই চেষ্টাগুলোকে একত্রিত করার মাধ্যমে স্টেট কর্মক্ষেত্রে অংশগ্রহণের শুন্যস্থান পূরণ করবে, চাকরিদাতার সাথে পার্টনারশিপ জোরদার করবে, এবং নিশ্চিত করবে যাতে প্রত্যেক গ্র্যাজুয়েট ক্যারিয়ারের জন্য তৈরি থাকে, যা একটি কলেজ ডিগ্রির মূল্য বাড়াবে এবং নিউ ইয়র্ককে কর্মক্ষেত্রের জন্য প্রস্তুতির ক্ষেত্রে জাতীয় নেতা করে তুলবে।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের জন্য আরো উজ্জ্বল একটি ভবিষ্যৎ গঠন করবেন। দায়িত্ব নেওয়ার পর থেকে গভর্নর চাকরি তৈরি, কমিউনিটির বিকাশ, এবং অর্থনৈতিক পুনরুজ্জীবনকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে অর্থনৈতিক বিকাশের একটি নতুন যুগে প্রবেশ করেছেন। নতুন ধরণের নতুন টেকনোলজিতে বিনিয়োগ করা থেকে শুরু করে ছোট ব্যবসাকে সমর্থন করা পর্যন্ত, এই অগ্রগামী চিন্তার কৌশল একটি স্থিতিশীল এবং ইনক্লুসিভ অর্থনীতিকে আকার দিচ্ছে যা বর্তমানে, এবং আগামী জেনারেশনগুলির জন্য আমাদেরকে আন্তর্জাতিক পর্যায়ে টেকনোলজির উন্নয়নে প্রতিযোগিতা করতে দিচ্ছে। তার দায়িত্বের সময়, গভর্নর Hochul (হোকল) যা করেছেন:

- নিউ ইয়র্ককে সেমিকন্ডাক্টর আবিষ্কারের ক্ষেত্রে শীর্ষে স্থাপন করেছেন, সম্প্রতি NY Creates-এর Albany Nanotech Complex-এ একটি নতুন সেমিকন্ডাক্টর গবেষণা ও বা বিকাশ ফ্যাসিলিটির কাজ শুরু করেছেন।
- লং আইল্যান্ড এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কে দুইটি নতুন সেল এবং জিন থেরাপি (Cell and Gene Therapy, CGT) ইনোভেশন হাব প্রতিষ্ঠার মাধ্যমে লাইফ সাইন্স খাতকে বদলে দিয়েছেন। এই কেন্দ্রগুলি CGT গবেষণা ও কমার্শালাইজেশনকে দ্রুত করার মাধ্যমে রোগীর সেবাতে বিপ্লব নিয়ে আসবে, নিশ্চিত করবে যাতে জীবন রক্ষাকারী নতুন থেরাপি নিউ ইয়র্কেই তৈরি হয়।

- এটি একটি ল্যান্ডমার্ক পাবলিক-প্রাইভেট কনসোর্টিয়াম, Empire AI শুরু করার মাধ্যমে জনগণের কল্যাণের জন্য AI স্থাপন করা হয়েছে, যা নিউ ইয়র্কের শীর্ষ ইউনিভার্সিটি এবং গবেষণা প্রতিষ্ঠানগুলির জন্য AI সুপারকম্পিউটিংয়ের অ্যাক্সেস বাড়িয়ে দেয়, জনগণের কল্যাণ করে নতুন আবিষ্কারকে শক্তিশালী করে এবং দায়িত্বশীল AI-এর ক্ষেত্রে সারা বিশ্বের শীর্ষে নিউ ইয়র্কের অবস্থানকে উন্নত করে।
- 500 মিলিয়ন মার্কিন ডলারের tate Small Business Credit উদ্যোগের মাধ্যমে ছোট ব্যবসার জন্য বাঁধা দূর করার জন্য একাধিক প্রোগ্রাম তৈরি করা হয়েছে, যার মধ্যে সমতার উদ্যোগে বিনিয়োগ, সাশ্রয়ী মূল্যের ঋণ প্রোগ্রাম এবং ক্যাপিটাল অ্যাক্সেস প্রোগ্রামের উপর মনোযোগ দেওয়া হয়েছে।

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের প্রাণবন্ত অর্থনীতির বিকাশ, দেশে চাকরি ফিরিয়ে আনা, কমিউনিটিকে পুনরুজ্জীবিত করা এবং নিউ ইয়র্ককে নতুন আবিষ্কারের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন